

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা।
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.২৩.০০৪.২৬.২৩২২

তারিখ: ২৪ মার্চ ২০২৬

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক জেট এ-১ (এভিয়েশন ফ্যুয়েল) এর
মূল্যহার সমন্বয় সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪ (৪) এবং ৩৪(৬) অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এবং পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড (পিওসিএল) এর প্রস্তাবের পরিপ্রেক্ষিতে গণশুনানি গ্রহণ করত বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে ১৩ মে ২০২৫ তারিখে বিইআরসি আদেশ নম্বর: ২০২৫/০৮ এর মাধ্যমে অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক ফ্লাইটের জন্য ভোল্টপার্যায়ে জেট এ-১ এর যথাক্রমে শুল্ক ও মুসকসহ এবং শুল্ক ও মুসকসহ মূল্যহার পুনর্নির্ধারণ করা হয়। পরবর্তীতে কমিশন কর্তৃক মাসভিত্তিতে Platts Rate এর ভিত্তিতে জেট এ-১ এর মূল্যহার সমন্বয় করা হচ্ছে।

০২। উক্ত আদেশের অনুলেদ ৯.২ অনুযায়ী জেট এ-১ এর পূর্ববর্তী মাসের (০৫ তারিখ থেকে পরবর্তী মাসের ০৪ তারিখ) প্রকাশিত Platts Rate, পূর্ববর্তী মাসে জেট এ-১ আমদানিতে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর এলসি সেটেলমেন্ট এর ক্ষেত্রে মার্কিন ডলারের বিনিময় মূল্য এবং ডিজেলের মূল্য পরিবর্তনের ফলে কোস্টাল ট্যাংকার ও ট্যাংক লরির পরিবহণ চার্জ পরিবর্তন বিবেচনায় মাসভিত্তিতে জেট এ-১ এর মূল্যহার সমন্বয় করার লক্ষ্যে ২৫ মে ২০২৫ তারিখে কমিশনের স্মারক নং- ২৮.০১.০০০০.০১২.২৩.০০২.২৫.২৬৬৬ এর মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে ০৫ মার্চ ২০২৬ থেকে ২২ মার্চ ২০২৬ সময়ে জেট এ-১ এর আন্তর্জাতিক বাজার মূল্য, Platts Rate এর গড় এবং উক্ত সময়ে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর LC Settlement এ মার্কিন ডলারের বিনিময় হার বিবেচনায় ২৪ মার্চ ২০২৬ তারিখে মার্চ মাসে মধ্যবর্তী সময়ের জন্য জেট এ-১ এর মূল্যহার সমন্বয়ের সুপারিশ করেছে।

০৩। অদ্য ২৪ মার্চ ২০২৬ তারিখে প্রতিবেদনের বিষয়ে অনলাইনে কমিশনের শুনানি অনুষ্ঠিত হয়। বিস্তারিত পর্যালোচনান্তে ০৫ মার্চ ২০২৬ থেকে ২২ মার্চ ২০২৬ সময়ে জেট এ-১ এর প্রকাশিত Platts Rate এর গড়, বিপিসি এর LC Settlement এ মার্কিন ডলারের বিনিময় হার বিবেচনায় মার্চ ২০২৬ মাসে মধ্যবর্তী সময়ের জন্য জেট এ-১ এর মূল্যহার কমিশন কর্তৃক নিম্নোক্তভাবে সমন্বয় করা হয়েছে:

(ক) অভ্যন্তরীণ ফ্লাইটের জন্য শুল্ক ও মুসকসহ জেট এ-১ এর মূল্যহার প্রতি লিটার ২০২.২৯ টাকা;
এবং

(খ) দেশি ও বিদেশি এয়ারলাইন্সসমূহের আন্তর্জাতিক ফ্লাইটের জন্য শুল্ক ও মুসকসহ জেট এ-১ এর মূল্যহার প্রতি লিটার ১.৩২১৬ মার্কিন ডলার।

০৪। জেট এ-১ এর সমন্বয়কৃত মূল্যহার সংক্রান্ত কমিশনের আদেশ ২৪ মার্চ ২০২৬ তারিখ দিবাগত রাত ১২:০০ টা থেকে প্রযোজ্য ও কার্যকর হবে।

০৫। জেট এ-১ এর মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইট তে আপলোড করা হয়েছে। পূর্ণাঙ্গ আদেশ কমিশনের ওয়েব সাইটে আপলোড করা হবে।


মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।